গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

"গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (সিলেট জোন)" শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	০৭ জুন ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	দুপুর ১২.২০ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২. **উপস্থাপনা:**

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, সিলেট জোনের ১৪৮.৭৬ কিঃমিঃ কিলোমিটার গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি ৫৬০.৮৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৭ হতে জুন ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির মে, ২০২০ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪০০.১০ কোটি টাকা ও আর্থিক অগ্রগতি ৭১.৩৪%। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়নের সমস্যা এবং সমাধানের লক্ষ্যে নীতিগত বিষয়াদি সম্পর্কে আলোচনা ও নির্দেশনার্থে অদ্যকার zoom online-এ সভা আহবান করা হয়েছে।

৩. **আলোচনা:**

৩.১ নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, হবিগঞ্জ, সভায় জানান যে, প্যাকেজ নং- ডাব্লিউডি-০১ এ সড়কের ২৩তম ও ২৪তম(অং) কিঃমিঃ এ ১.০৬ কিঃমিঃ অংশ অনেক পূর্বে নির্মিত এবং গত বর্ষা মৌসুমে কিছু ক্ষতি হয়েছে। চলমান প্যাকেজের আওতায় ১.০৬ কিঃমিঃ অংশের পেভমেন্ট Strengthening দ্বারা প্রয়োজনীয় কাজ সম্পন্ন করা দরকার। সড়কটি সম্পূর্ন হাওড় এলাকার মধ্যে হওয়ায় বিভিন্ন সেতু/কালভার্ট এ্যাপ্রোচের মাটি রক্ষার জন্য স্থায়ী ভিত্তিসহ আরসিসি রিটেইনিং ওয়াল নির্মাণ জরুরী বিধায় কাজের পরিমান বৃদ্ধি পাবে। বাস্তব প্রয়োজন মোতাবেক ড্রেন ও মিডিয়ান নির্মাণ করায় এই সকল অংশের কাজের পরিমাণ হ্রাস পেয়েছে। সাম্প্রতিক বন্যা ও দীর্ঘস্থায়ী বর্ষা এবং পাহাড়ী ঢলের কারণে রাস্তাটির সড়ক বাঁধ অনেক ক্ষতিগ্রস্থ হয়েছে। সড়ক উন্নয়ন কাজের দৈর্ঘ্য বৃদ্ধি পাওয়ায় সড়ক বাঁধে মাটির পরিমাণও বৃদ্ধি পাবে। এছাড়াও, সড়ক বাঁধ রক্ষার্থে বাস্তব প্রয়োজনে সিসি ব্লক দ্বারা সড়ক বাঁধ রক্ষা কাজের পরিমাণ বৃদ্ধি করার প্রস্তাব করা হয়েছে।

৩.২ সভায় জানানো হয় যে, ডাব্লিউডি-০৪ প্যাকেজের আওতায় ফ্লেক্সিবল পেভমেন্ট নির্মাণ নির্ধারিত আছে। দুই টিলার মাঝে অবস্থিত অংশে বাস্তব প্রয়োজনে রিজিড পেভমেন্ট প্রস্তাব করা হয়েছে। পানি নিষ্কাষণের জন্য বাজার অংশে ফুটপাতসহ ব্রিক ইউ-ড্রেন করা প্রয়োজন। চারখাই বাজার হতে পল্লীশাসন অংশে ১৩০০ মিটার সড়ক বিধ্বস্ত অবস্থায় থাকলেও কোন কাজ অন্তর্ভুক্ত না থাকায় মজবুতিকরণসহ ফ্লেক্সিবল পেভমেন্ট প্রস্তাব করা হয়েছে।

৩.৩ সভায় অবহিত করা হয় যে, ২০১৮ সালে সিলেট জেলা আকস্মিকভাবে বন্যা কবলিত হয় এবং ৩০টি স্পট বন্যার পানিতে তলিয়ে যায়। এতে বেশ কয়েকটি স্থানে পেভমেন্ট ওয়াশআউট হয়ে যায় এবং বন্যা কবলিত অংশসমূহ ব্যাপকভাবে ক্ষতিগ্রস্থ হয়ে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে যায়। দ্রুততার সাথে স্থানীয় ব্যবস্থার মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা সাময়িকভাবে পুনরুদ্ধার করা হয়।

বন্যায় ক্ষতিগ্রস্থ এ সকল অংশে মূল প্রাক্কলনে মজবুতিকরণ কাজ ধরা ছিল, যা বাস্তবিক অবস্থার প্রেক্ষিতে পুন:নির্মাণ ব্যতীত সম্ভব নয়। সড়কের বাস্তব অবস্থা বিবেচনায় উক্ত অংশসমূহ মজবুতিকরনসহ সার্ফেসিং এবং ভেঙ্গে যাওয়া অংশে পেভমেন্ট পুন:নির্মাণ করা প্রয়োজন।

৩.৪ সভায় অবহিত করা হয় যে, প্যাকেজ নং- ডাব্লিউপি-০৮ এ জুড়ী-লাঠিটিলা সড়কটির প্রকৃত দৈর্ঘ্য ১৬.৮৮ কিঃমি হলেও আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীত করন প্রকল্প মোট দৈঘ্য ১৮.০০ কিঃমি হওয়ায় পুনঃ নির্মাণ ও নতুন নির্মাণ কাজের দফায়ারি বাস্তবায়ন সম্ভব নয়। সড়কটির শেষ প্রান্ত ভারতের সাথে সংযুক্ত থাকায় নো ম্যানস ল্যান্ডে উন্নয়ন মূলক কাজ করা সম্ভব হয় নাই। ৪+৬০০ কিঃমি থেকে ৫+৯০০ কিঃমিঃ অংশে নয়াবাজার এলাকা অবস্থিত যেখানে সড়কের পর্যাপ্ত প্রশস্থতা না থাকায় যানযটের সৃষ্টি হওয়ায় একই সড়কের এই অংশে প্রশস্থকরণ ও মজবুতিকরণ কাজ করার প্রস্তাব করা হয়। উপপ্রধান (পরি: ও কার্য) সভাকে অবহিত করেন যে, এ প্রকল্পের মেয়াদ শেষ হতে ১মাস বাকি আছে, অথচ এখনো মেয়াদ বৃদ্ধির প্রস্তাব এ বিভাগে পাওয়া যায়নি। প্রকল্পটির চলমান কাজ অব্যাহত রাখার স্বার্থে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণের অনুরোধ জানানো হয়।

৩.৫ সভায় জানানো হয় যে, সরাইল - নাসিরনগর - লাখাই - হবিগঞ্জ (হবিগঞ্জ অংশ) সড়কে বিভিন্ন অংশে রিটেইনিং ওয়াল এবং সিসি ব্লকসহ ব্রিক টোওয়াল দ্বারা রক্ষাপ্রদ কাজ করা প্রয়োজন হবে। এ কাজের জন্য চলমান প্রকল্পে নতুন প্যাকেজ অন্তর্ভুক্ত করার প্রস্তাব করা হয়, যার প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করা হয়েছে ৫৬৩৩.০৭ লক্ষ টাকা। এ প্রসঙ্গে আইএমইডি'র প্রতিনিধি মতামত প্রদান করেন যে, চলমান প্রকল্পের আওতায় নতুন প্যাকেজ অন্তর্ভুক্ত না করে আলাদা প্রকল্প গ্রহণের মাধ্যমে এ সড়কের রক্ষাপ্রদ কাজ করা যেতে পারে। সভায় অভিমত প্রকাশ করা হয় যে, মূল প্রকল্প প্রস্তাব প্রণয়নকালে এ ধরণের গুরুত্বপূর্ণ বিষয় বিবেচনা না করা যথোচিত হয়নি। এতে সওজ অধিদপ্তরের দায়িত্বহীনতা প্রকাশ পায়। বিস্তারিত আলোচনান্তে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রতিনিধি, সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং এর প্রতিনিধি ও পরিকল্পনা কমিশনের প্রতিনিধির সমন্বয়ে গঠিত টীম সরাইল - নাসিরনগর - লাখাই - হবিগঞ্জ (হবিগঞ্জ অংশ) সড়ক পরিদর্শন করে এ বিষয়ে মতামত/সুপারিশ সম্বলিত প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করবেন।

৪. <u>সিদ্ধান্ত</u>:

৪.১ সরাইল - নাসিরনগর - লাখাই - হবিগঞ্জ (হবিগঞ্জ অংশ) সড়কে রক্ষাপ্রদ কাজের জন্য নতুন প্যাকেজ অন্তর্ভুক্তির বিষয়ে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের যুগ্মপ্রধানের নেতৃত্বে সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা, সওজ অধিদপ্তরের টেকনিক্যাল সার্ভিসেস উইং এর প্রতিনিধি ও পরিকল্পনা কমিশনের প্রতিনিধির সমন্বয়ে পরিদর্শন টীম গঠন করতে হবে। উক্ত গঠিত টীম প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করে এ বিষয়ে মতামত/সুপারিশ সম্বলিত প্রতিবেদন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করবেন;

৪.২ বাস্তবতার নিরিখে বিদ্যমান প্যাকেজসমূহের বিভিন্ন অঙ্গের হ্রাস/বৃদ্ধি পুনঃপর্যালোচনা করে প্রকৃত অবস্থা বিবেচনায় প্রকল্প সংশোধন প্রস্তাব প্রস্তুত করতে হবে;

৪.৩ প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে;

৪.৪ প্রকল্পের আওতায় চলমান কাজের গুনগতমান নিশ্চিত করতে হবে;

৪.৫ প্রকল্পের আওতায় যতগুলো সড়ক রয়েছে প্রতিটি সড়কে পর্যাপ্ত সাইন-সিগন্যাল স্থাপন করতে হবে। কোন স্থানে কী ধরণের সাইন, সিগন্যাল, নির্দেশক দেয়া হবে তার তালিকা প্রস্তাবিত আরডিপিপি'তে সংযুক্ত করতে হবে; এবং

৪.৬ গঠিত পরিদর্শন টীমের সুপারিশ সম্বলিত প্রতিবেদন পুনরায় পিএসসি সভা আয়োজন করে উপস্থাপন করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০০৮.১৬.১৬৭ তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪২৭
০৮ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
২) সিনিয়র সচিব, সচিবের দপ্তর, পরিকল্পনা বিভাগ (দৃঃ আঃ যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ)
৩) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৮) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
১১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩) উপ প্রধান, পরিকল্পনা ও কার্যক্রম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫) অফিস কপি/মাস্টার কপি

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী প্রধান